



## নয়াপল্টনে বিএনপির শ্রমিক সমাবেশে জনশ্রোত, নেতাকর্মীদের ভিড়



ছবি: সংগৃহীত

রাজধানীর নয়াপল্টনে বিপুল উপস্থিতির মধ্য দিয়ে বিএনপির শ্রমিক সমাবেশ শুরু হয়েছে। শুক্রবার (১ মে) দুপুর আড়াইটার দিকে আনুষ্ঠানিকভাবে কর্মসূচির সূচনা হয়।

আন্তর্জাতিক শ্রমিক দিবসকে কেন্দ্র করে আয়োজিত এই সমাবেশ ঘিরে সকাল থেকেই ঢাকাসহ আশপাশের বিভিন্ন জেলা থেকে দলে দলে নেতাকর্মীরা রাজধানীতে জড়ো হতে থাকেন। জুমার নামাজের পর মিছিল নিয়ে নয়াপল্টনে প্রবেশ করেন হাজারো কর্মী, এতে পুরো এলাকা পরিণত হয় জনসমুদ্রে।

সমাবেশস্থলে অংশগ্রহণকারীদের অনেকেই লাল টুপি, টি-শার্ট ও ব্যানার নিয়ে উপস্থিত হয়েছেন। ঢোলের তালে তালে স্লোগান আর করতালিতে মুখর হয়ে ওঠে পুরো পরিবেশ।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও শ্রমিক নেতা নজরুল ইসলাম খান জানান, প্রতিকূল আবহাওয়া সত্ত্বেও সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। তিনি আশা প্রকাশ করেন, প্রধান অতিথি হিসেবে দলের চেয়ারম্যান তারেক রহমানের উপস্থিতিতে সমাবেশে স্মরণকালের বৃহৎ জনসমাগম ঘটবে।

জাতীয়তাবাদী শ্রমিক দলের উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিতে সভাপতিত্ব করবেন সংগঠনটির সভাপতি আনোয়ার হোসেন। তিনি বলেন, সমাবেশে যোগ দিতে আশপাশের জেলার শিল্পাঞ্চল থেকেও শ্রমিকরা ঢাকায় এসেছেন।